

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(কাস্টমস ও মূল্য সংযোজন কর)
প্রজ্ঞাপন

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ/ ০৮ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ১৬৬-আইন/২০২৬/২১/কাস্টমস।- সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২৫ এর উপ-ধারা (১) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, লিথিয়াম আয়ন (Lithium Ion) ব্যাটারি, সোডিয়াম আয়ন (Sodium Ion) ব্যাটারি ও লিথিয়াম ব্যাটারি প্যাক স্থানীয়ভাবে উৎপাদনের লক্ষ্যে উক্ত আইনের প্রথম তফসিলভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নবর্ণিত-

- (ক) TABLE-1, TABLE-2 ও TABLE-3 এর কলাম (1) এ বর্ণিত Heading এর বিপরীতে কলাম (2) তে উল্লেখিত H.S. Code এবং কলাম (3) এ বর্ণিত পণ্যসমূহকে উহাদের উপর আরোপণীয় কাস্টমস ডিউটি, যে পরিমাণে, মূল্যভিত্তিক ১% (এক শতাংশ) এর অতিরিক্ত হয়, সেই পরিমাণ, এবং সমুদয় রেগুলেটরি ডিউটি, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক, যদি থাকে;
- (খ) TABLE-4 এর কলাম (1) এ বর্ণিত Heading এর বিপরীতে কলাম (2) তে উল্লেখিত H.S. Code এবং কলাম (3) এ বর্ণিত পণ্যসমূহকে উহাদের উপর আরোপণীয় কাস্টমস ডিউটি, যে, পরিমাণে মূল্যভিত্তিক ১৫% (পনের শতাংশ) এর অতিরিক্ত হয়, সেই পরিমাণ, এবং সমুদয় রেগুলেটরি ডিউটি, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক, যদি থাকে-

হইতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা:-

TABLE-1

Heading (1)	H. S. Code (2)	Description (3)
25.13	2513.10.00	Pumice Stone
28.03	2803.00.00	Carbon Black
28.07	2807.00.00	Sulphuric acid
28.29	2829.11.00	Sodium chlorate
28.33	2833.25.00	Copper sulfate
	2833.29.90	Tin sulphate

Heading	H. S. Code	Description
(1)	(2)	(3)
	2833.40.00	Sodium per sulphate
28.41	2841.61.00	Potassium Permanganate
	2841.69.00	Sodium permanganate
28.43	2843.30.00	Gold compound (GPC)
32.09	3209.90.90	Color paints or varnishes; conformal coating
34.02	3402.49.10	Defoaming agent
35.06	3506.99.00	Fixing glue; Thermal irresponsive glue; Thermal pest; Heat Sink Glue; White glue
37.01	3701.30.00	Unexposed photosensitive plate
37.02	3702.42.00	Unexposed photo Sensitive emulsion film.
	3702.98.00	Unexposed photosensitive film
37.07	3707.90.00	Photographic chemical
38.10	3810.90.90	HASL (Hot Air Soldering Liquide) Flux; Soldering Cleaner; Soldering Flux; Solder paste
38.12	3812.20.00	Plastic/ rubber additives
38.18	3814.00.90	Reducer
39.17	3917.23.10	Heat-shrinkable tube
74.03	7403.19.00	Copper anode ball
74.08	7408.19.00	Copper Wire; Jumper wire
74.10	7410.11.00	Copper foil
76.07	7607.19.10	Aluminum foil;
76.16	7616.99.00	Aluminum Basket; Aluminum Heat Sink
85.04	8504.31.00	Transformer
	8504.50.00	Inductor
85.31	8531.20.00	7 segment display; Indicator Panel
85.32	8532.22.00	Aluminum Electrolytic Capacitor
	8532.23.00	Ceramic Dielectric, Single layer Capacitor
	8532.24.00	Ceramic Dielectric, Multi-layer Capacitor
	8532.29.10	Capacitor
85.33	8533.29.00	Resistor
	8533.40.00	Variable Resistors; Potentiometers
85.36	8536.10.00	Fuse; Thermal cutoffs (thermal fuses)
	8536.20.00	Automatic Circuit breakers
	8536.41.00	Relay
	8536.69.00	2 pin connector plugs; Sockets; Wire terminals/fasten terminals; Fuse Holders; Silicone plug
	8536.90.10	Connector
85.41	8541.10.00	Diode
	8541.29.00	Transistor
	8541.41.00	Light Emitting Diodes (LED)
	8541.60.00	Crystal oscillator

Heading	H. S. Code	Description
(1)	(2)	(3)
85.42	8542.39.90	CPU chips; Integrated circuit
85.43	8543.70.90	Receiver
85.44	8544.42.00	Cable fitted with connector
85.46	8546.90.00	Insulator
90.31	9031.80.00	Sensor

TABLE-2

Heading	H. S. Code	Description
(1)	(2)	(3)
28.41	2841.90.00	Lithium Iron Phosphate
28.42	2842.90.90	Lithium Iron phosphate
29.33	2933.79.90	N-Methyl pyrrolidone
32.06	3206.19.20	Color Masterbatch
35.06	3506.91.90	Glue; Sealing Glue, Terminal Adhesive; Electrically Conductive Adhesive (ECA);Red Glue
	3506.99.00	Fixing glue; Thermal irresponsive glue; Thermal pest; Heat Sink Glue; White glue
38.01	3801.10.00	Artificial Graphite
38.12	3812.20.00	Plastic/ rubber additives
38.24	3824.99.99	Lithium Manganate; Electrolyte; Lithium Nickel-Cobalt-Manganate, Electroplating salts; Alkaline etchant; Tin stripper; Resist, Striper; Pumice Powder
39.04	3904.69.00	PVDF (Polyvinylidene Fluoride)
39.06	3906.10.00	PMMA Resin;
39.19	3919.10.00	PET insulating mat; PET spacing ring (Down)
	3919.10.00	Winding termination tape
39.20	3920.20.90	Separation sheet
	3920.99.90	Diaphragm
39.21	3921.19.90	EPE Foam; PVC Protective Plate
40.02	4002.19.00	Styrene-Butadiene Rubber (SBR)
40.16	4016.99.90	Thermal Pad, Stand rubber
48.11	4811.49.00	Coated Performance Tape; Coated Performance Tape (anode); Coated Performance Tape (cathode)
72.09	7209.25.00	Sheet metal (Thickness 3mm or more)
73.18	7318.23.90	Rivets
73.26	7326.90.90	Cell Casing (A Cover; B Cover; C Cover; D Cover; Steel shell)
75.06	7506.10.00	Nickel strip

Heading (1)	H. S. Code (2)	Description (3)
76.06	7606.91.90	Aluminum strip
83.02	8302.50.00	Fixture; Bracket
85.06	8506.90.90	Polyethylene Terephthalate (PET) insulating mat; High temperature adhesive tape (anode); High temperature adhesive tape (cathode); Polyethylene Terephthalate (PET) spacing ring (Up); Combination Cap

TABLE-3

Heading (1)	HS Code (2)	Description (3)
25.01	2501.00.10	Sodium Chloride (NaCl)
28.03	2803.00.00	Carbon black conductive additive
28.05	2805.11.00	Na-Metal Foil
28.25	2825.90.00	Sodium Manganise
28.26	2826.90.00	Sodium Hexafluorophosphate (NaPF ₆)
28.27	2827.39.00	Prussian Blue Analogues (PBA compounds)
28.29	2829.90.90	Sodium Perchlorate
28.36	2836.20.00	Sodium Carbonate (Na ₂ CO ₃)
28.41	2841.90.00	Sodium layered Oxides, Sodium Iron Phosphate, Sodium Cobalt Oxide, Sodium Nickel Manganese Oxide
29.05	2905.31.00	Ethylene Carbonate (EC),
	2905.32.00	Propylene Carbonate (PC)
	2905.12.00	Dimethyl Carbonate (DMC)
	2905.14.00	Other Butanols, Nes
29.25	2925.19.90	Sodium bis (Trifluoromethanesulfonyl) Imide
38.01	3801.90.00	Hard Carbon
39.04	3904.69.00	PVDF binder
39.21	3921.90.99	Separator materials (PE/PP)
76.07	7607.19.90	Aluminum foil

TABLE-4

Heading (1)	H. S. Code (2)	Description (3)
85.07	8507.60.00	Lithium-ion Cell
	8507.80.90	Lithium Iron Phosphate Cell
	8507.80.90	Lithium Nickel Cobalt Aluminium Oxide Cell
	8507.80.90	Lithium Nickel Manganese Oxide Cell
	8507.90.90	Interconnects (Coppers or Aluminium Plate/Nickel Strip/Nickel Coated Coppers or Aluminium Plates) for Connecting Cells
	8507.90.90	Separators
85.34	8534.00.00	PCB for Battery pack

ব্যাখ্যা।— এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে,

- (অ) “লিথিয়াম আয়ন ব্যাটারি উৎপাদনকারী প্রতিষ্ঠান” অর্থ এমন কোনো মূসক নিবন্ধিত উৎপাদনকারী প্রতিষ্ঠান যাহারা এই প্রজ্ঞাপনের শর্তাবলি পূরণ করিয়া Table-1 এবং Table-2 এ উল্লিখিত পণ্য দ্বারা লিথিয়াম আয়ন ব্যাটারি উৎপাদন করে;
- (আ) “সোডিয়াম আয়ন ব্যাটারি উৎপাদনকারী প্রতিষ্ঠান” অর্থ এমন কোনো মূসক নিবন্ধিত উৎপাদনকারী প্রতিষ্ঠান যাহারা এই প্রজ্ঞাপনের শর্তাবলি পূরণ করিয়া Table-1 এবং Table-3 এ উল্লিখিত পণ্য দ্বারা সোডিয়াম আয়ন ব্যাটারি উৎপাদন করে; এবং
- (ই) “লিথিয়াম ব্যাটারি প্যাক উৎপাদনকারী প্রতিষ্ঠান” অর্থ এমন কোনো মূসক নিবন্ধিত উৎপাদনকারী প্রতিষ্ঠান যাহারা এই প্রজ্ঞাপনের শর্তাবলি পূরণ করিয়া Table-4 এ উল্লিখিত পণ্য দ্বারা লিথিয়াম ব্যাটারি প্যাক উৎপাদন করে।

শর্তাবলি

- (১) বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ বা, ক্ষেত্রমত, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ বা বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ হইতে সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে উৎপাদক হিসাবে নিবন্ধন গ্রহণ করিতে হইবে;
- (২) লিথিয়াম আয়ন বা সোডিয়াম আয়ন ব্যাটারি উৎপাদনকারী প্রতিষ্ঠানের Electrode Preparation/Fabrication, Cell Assembly, Cell Finishing, Electrolyte Filling, Baking, Formation & Grading প্রক্রিয়া সম্পন্ন করিতে হইবে এবং সেই লক্ষ্যে ন্যূনতম Feeding,

Material Mixing Machine, Binder Mixer, NMP Tank, Slurry Transfer System, Slot-die Coating Machine, Continuous Drying Ovens, Calendering Machine (Electric or hydraulic roler Presses), Auto-Slitting Machine, Injection Electrolyte Machine, Automatic Winding Machine, Tab Welding Machine, Ultrasonic metal welders and Laser Welding machine, Automatic Assembly Line, Formation and Aging System/Machine, Grading Machine, Can Grooving, Casing and Crimping machine, Vacuum Degassing and Sealing machine, Battery Tester যন্ত্রপাতিসমূহ থাকিতে হইবে;

- (৩) প্রতিষ্ঠানকে সংশ্লিষ্ট পণ্য উৎপাদনে যথাযথ স্বাস্থ্য সুরক্ষা, বর্জ্য ব্যবস্থাপনা ও পরিবেশগত নিরাপত্তা নিশ্চিত করিতে হইবে এবং সে লক্ষ্যে উৎপাদনকারীর অনুকূলে পরিবেশ ছাড়পত্র থাকিতে হইবে;
- (৪) পণ্যের মান নিয়ন্ত্রণের জন্য সংশ্লিষ্ট উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিজস্ব **Testing Lab** থাকিতে হইবে, অথবা মান নিয়ন্ত্রণের জন্য কোনো স্বীকৃত **Testing Lab** এর সহিত চুক্তিবদ্ধ হইতে হইবে;
- (৫) উৎপাদনকারী প্রতিষ্ঠানে পৃথক কোয়ালিটি কন্ট্রোল ও ইন্সপেকশন এর ব্যবস্থা থাকিতে হইবে;
- (৬) যথাযথ কাস্টমার সেবা প্রদানের লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অধীনে বিক্রয়োত্তর সেবা প্রদানের ব্যবস্থা থাকিতে হইবে;
- (৭) লিথিয়াম আয়ন ব্যাটারি উৎপাদনকারী প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনের আওতায় শুধুমাত্র **Table-1** ও **Table-2** এ উল্লিখিত পণ্য আমদানি করিতে পারিবে;
- (৮) সোডিয়াম আয়ন ব্যাটারি উৎপাদনকারী প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনের আওতায় শুধুমাত্র **Table-1** ও **Table-3** এ উল্লিখিত পণ্য আমদানি করিতে পারিবে;
- (৯) লিথিয়াম ব্যাটারি প্যাক উৎপাদনকারী প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনের আওতায় শুধুমাত্র **Table-4** এ উল্লিখিত পণ্য আমদানি করিতে পারিবে;
- (১০) এই প্রজ্ঞাপনে উল্লিখিত অব্যাহতির সুযোগ গ্রহণের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে 'পরিশিষ্ট' মোতাবেক বিভাগীয় কর্মকর্তার নিকট একটি ঘোষণা দাখিল করিতে হইবে এবং উহার একটি প্রত্যয়িত কপি শুল্কায়নকালে দাখিল করিতে হইবে;

- (১১) এই প্রজ্ঞাপনের আওতায় অব্যাহতি সুবিধা গ্রহণের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক জাতীয় রাজস্ব বোর্ডের নিকট ৩০ জুন, ২০৩০ খ্রিষ্টাব্দের মধ্যে আবেদন দাখিল করিতে হইবে;
- (১২) প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত আবেদনের ভিত্তিতে নিম্নবর্ণিত পরিদর্শন কমিটির প্রতিবেদন জাতীয় বোর্ড কর্তৃক গৃহীত হইতে হইবে, যথা:-
- | | | |
|-----|--|------------|
| (ক) | সংশ্লিষ্ট ভ্যাট কমিশনার কর্তৃক মনোনীত
যুগ্ম/অতিরিক্ত কমিশনার | আহ্বায়ক |
| (খ) | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা | সদস্য সচিব |
| (গ) | বোর্ড কর্তৃক নির্ধারিত যেকোনো পাবলিক প্রকৌশল
বিশ্ববিদ্যালয় এর একজন যথোপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| (ঘ) | সংশ্লিষ্ট মূসক সার্কেল এর রাজস্ব কর্মকর্তা | সদস্য; |
- (১৩) অনুচ্ছেদ ১২ এ উল্লিখিত কমিটি, উহার গঠনের অনধিক ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে, উক্ত প্রতিষ্ঠান পরিদর্শনপূর্বক প্রতিবেদন জাতীয় রাজস্ব বোর্ডে দাখিল করিবে এবং প্রতিবেদন প্রাপ্তির পর জাতীয় রাজস্ব বোর্ড প্রতিবেদন বিবেচনাপূর্বক এই প্রজ্ঞাপনের শর্তাবলি যথাযথভাবে প্রতিপালিত হইয়াছে মর্মে সন্তুষ্ট হইলে উক্তরূপ প্রতিবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে উল্লিখিত অব্যাহতি প্রদান করিয়া আদেশ জারি করিতে পারিবে;
- (১৪) এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে, কোনো উৎপাদনকারীকে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ৪০ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করিতে হইবে;
- (১৫) কোনো পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান অনুচ্ছেদ ১৪ এর বিধানাবলি পরিপালন করিতে ব্যর্থ হইলে উক্তরূপ অব্যাহতি প্রাপ্য হইবে না;
- (১৬) এই প্রজ্ঞাপনে উল্লিখিত পণ্য পরিশিষ্ট অনুযায়ী আমদানি করিয়া অনুমোদিত উপকরণ-উৎপাদ সহগ (মূসক-৪.৩) মোতাবেক লিথিয়াম আয়ন ব্যাটারি উৎপাদন বা সোডিয়াম আয়ন ব্যাটারি উৎপাদন বা লিথিয়াম ব্যাটারি প্যাক উৎপাদন করা হইতেছে কীনা তাহা সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেটের কমিশনার তাহার অধীন যুগ্ম-কমিশনারের নিম্নে নহেন এইরূপ কোনো কর্মকর্তার নেতৃত্বে সংশ্লিষ্ট ভ্যাট বিভাগীয় কর্মকর্তা ও সদর দপ্তরে কর্মরত সহকারী বা ডেপুটি কমিশনারের সমন্বয়ে গঠিত কমিটি কর্তৃক প্রতি ৬ (ছয়) মাস অন্তর সরেজমিন পরিদর্শন করিয়া নিশ্চিত করিবেন এবং পরিদর্শন প্রতিবেদন বোর্ডে প্রেরণ করিবেন;

- (১৭) অনুচ্ছেদ ১৬ এর অধীন অনুসন্ধানের পরিপ্রেক্ষিতে যদি প্রতীয়মান হয় যে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক এই প্রজ্ঞাপনের কোনো শর্ত প্রতিপালিত হইতেছে না তাহা হইলে উহার বিরুদ্ধে কাস্টমস আইন, ২০২৩ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর বিধান অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাইবে এবং বোর্ড অব্যাহতি সুবিধা তাৎক্ষণিকভাবে বাতিল করিতে পারিবে;
- (১৮) অনুচ্ছেদ ১৩ এ উল্লিখিত অব্যাহতি প্রদান সংক্রান্ত আদেশ জারির তারিখ হইতে পরবর্তী ৪ (চার) বৎসর প্রজ্ঞাপনের সকল শর্তাবলি পরিপালন সাপেক্ষে এই অব্যাহতি সুবিধা প্রযোজ্য হইবে; এবং
- (১৯) আমদানি ও শুল্কায়ন সংক্রান্ত অন্যান্য বিষয়সহ উপরি বর্ণিত শর্ত প্রতিপালন করা হইয়াছে কীনা তাহা সংশ্লিষ্ট শুল্কায়নকারী কর্মকর্তা কর্তৃক যাচাই করিয়া নিশ্চিত হইতে হইবে এবং শুল্কায়ন তত্ত্বাবধানকারী সংশ্লিষ্ট ডেপুটি কমিশনার বা সহকারী কমিশনার পর্যায়ে শুল্কায়ন অনুমোদন করাইতে হইবে।

২। ১৫ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ মোতাবেক ২৯ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.নং-১৯৪-আইন/২০২৫/১৬/কাস্টমস এতদ্বারা রহিত করা হইল।

৩। এই প্রজ্ঞাপন ১১ জুন, ২০২৬ তারিখে কার্যকর হইবে এবং ইহা ৩০ জুন, ২০৩০ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

পরিশিষ্ট
(শর্তাবলির শর্ত ১০ দ্রষ্টব্য)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

- ১। প্রতিষ্ঠানের নাম:
২। ঠিকানা:
৩। মুসক নিবন্ধন নম্বর:

ক্র: নং	পণ্যের নাম ও H.S. Code	একক	পণ্য উৎপাদনে ব্যবহার্য কৌচামাল বা উপকরণ এর নাম (H.S. Code সহ)	অপচয়সহ প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় কৌচামাল বা উপকরণের প্রতিটির পরিমাণ (কেজি)	অপচয় ব্যতীত প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় কৌচামাল বা উপকরণের প্রতিটির পরিমাণ (কেজি)	অপচয়ের শতকরা হার
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)

সংশ্লিষ্ট ভ্যাট বিভাগীয়
কর্মকর্তার প্রতិষ্কার

প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
কর্মকর্তা/স্বত্বাধিকারীর
নাম, স্বাক্ষর ও তারিখ

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব।